

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৪৬৫

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫

০৭ নভেম্বর ২০১৮

বিষয়: কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর কলেজের অধ্যক্ষ জনাব রফিকুল ইসলাম এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৭জি-১৪০৮(ক-৩)/০৬/৩১৪৯(ক), তারিখ: ১৯.০৮.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর কলেজের অধ্যক্ষ জনাব রফিকুল ইসলাম বিধি বর্হিত্ত ভাবে শিক্ষক নিয়োগের জন্য নিয়োগ বোর্ড গঠন করেন এবং অধ্যক্ষ, শ্রীবর্দী সরকারি কলেজ, শ্রীবর্দী, শেরপুরকে ডিজির প্রতিনিধি হিসেবে দেখিয়ে, তার স্বাক্ষর ও সীল মোহর জাল করে ১১/০৬/২০০০ খ্রি: তারিখে সমাজ কল্যাণ ও মনোবিজ্ঞান এবং ০৬/০৭/২০০০ খ্রি: তারিখে ইসলাম শিক্ষা বিষয়ে তিন জন প্রভাষক নিয়োগ দেন।

২.০ উক্ত অভিযোগের বিষয়ে পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, তদন্ত করে জনাব রফিকুল ইসলাম এর বিরুদ্ধে বর্ণিত অভিযোগ সঠিক মর্মে প্রতিবেদন দাখিল করেন এবং এ প্রেক্ষিতে সূত্রোক্ত স্মারকে জনাব রফিকুল ইসলাম এর নাম এমপিও হতে কর্তন করার সুপারিশসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

৩.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও. নীতিমালা-২০১৮ এর ১৮(১) অনুযায়ী কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর কলেজের অধ্যক্ষ জনাব রফিকুল ইসলাম এর বেতন ভাতার সরকারি অংশ সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না সে মর্মে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-১১-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,  
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৪৬৫/১(৩)

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫


০৭ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

৩) জনাব রফিকুল ইসলাম, অধ্যক্ষ, যাদুরচর কলেজ, রৌমারী, কুড়িগ্রাম।



৭-১১-২০১৮

মোঃ কামরুল হাসান  
উপসচিব